

💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.২৫ জুমুআ তরককারীর শাস্তি - ১৩৭. জুমু'আ ফরয হওয়ার পরও ইচ্ছাকৃতভাবে জুমু'আ তরক করার শাস্তি কী?

রাসূলুল্লাহ (সা.) বলেছেন,

- ১. যারা জুমু'আ পড়তে আসে না, আমার ইচ্ছে হয় একজন লোককে নামায পড়াতে দিয়ে আমি তাদের ঘরে আগুন লাগিয়ে দেই। (মুসলিম: ৬৫২)।
- ২. জুমু'আ পরিত্যাগকারীদের হৃদয়ে আল্লাহ মোহর মেরে দেন। অতঃপর তারা গাফেলদের অন্তর্ভুক্ত হয়ে যায়। (মুসলিম: ৮৬৫)।
- ৩. যে ব্যক্তি অলসতা করে পরপর তিন জুমু'আ আদায় করে না, আল্লাহ তাআলা (তাকে মুনাফিক হিসেবে) তার অন্তরে মোহর মেরে দেন। (আবু দাউদ: ১০৫২)
- 8. যে ব্যক্তি পরপর তিনটি জুমু'আ ত্যাগ করল, সে অবশ্যই ইসলামকে নিজের পেছনে ফেলে দিল। (সহীহ তারগীব: ৭৩২)
- ৫. একবার জুমু'আর এক খুৎবায় রাসূলুল্লাহ (সা.) বলেন, সম্ভবত এমন লোকও আছে, যে মদীনা থেকে ৩ মাইল দূরে থাকে, অথচ সে সেখান থেকে এসে জুমু'আয় হাজির হয় না তার হৃদয়ে আল্লাহ মোহর মেরে দেন। (সহীহ তারগীব: ৭৩১)।
- ৬. যে ব্যক্তি বিনা উয়রে মুয়াযযিনের আযান শুনেও মসজিদে না এসে ঘরে নামায পড়ে, তার নামায কবুল হয় না (তিরমিযী: ২১৭, ইবনে মাজাহ: ৭৯৩)। উল্লেখ্য যে, এ বিধান সকল ফরয সালাতের ক্ষেত্রেই প্রযোজ্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13036

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন